তারিখ 28 APR 1987
পৃষ্ঠা I ... I

দৈনিক সংবাদ

D26

# সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে

**—শিক্ষামন্ত্রী**

যশোর, ২৭শে এপ্রিল (বাসস)।-সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিনের শুরুতে জাতীয় সংগীত গাওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান আজ সোমবার একথা ঘোষণা করেছেন। তিনি যশোর স্থানীয় এমপি, উপজেলা চেয়ারম্যান ও শিক্ষা বিভাগীয় কর্মকর্তাদের উদ্দেশে বক্তব্য রাখছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, গঠিত শিক্ষা কমিশন তাদের সুপারিশমালাসহ জুলাই মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে তাদের রিপোর্ট দাখিল করবেন। তিনি বলেন, সরকার এই সুপারিশমালার আলোকে শিক্ষা ব্যবস্থাকে পুনর্বিন্যাস করবে।

তিনি বলেন, প্রাথমিক শিক্ষা হবে সকলের জন্য গণভিত্তিক, মাধ্যমিক শিক্ষা হবে কারিগরিভিত্তিক এবং উচ্চপর্যায়ের ও

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

**শিক্ষামন্ত্রী**

( ১ম পাতার পর )

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা নির্ধারিত হবে মেধাভিত্তিতে।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার সকল বৃহত্তর জেলায় কমপক্ষে একটি স্নাতকোত্তর কলেজ বা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে পরিকল্পনা নিয়েছেন। এ প্রসঙ্গে তিনি বলেন, দুটি অনুমোদিত বিশ্ববিদ্যালয় এবং একটি মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

**ঈদের আগেই বকেয়া পরিশোধ করা হবে**

শিক্ষামন্ত্রী গতকাল খুলনায় এক অনুষ্ঠানে ভাষণদানকালে বলেছেন, সরকারের কাছে এ বছর জানুয়ারী থেকে তাদের যাবতীয় বকেয়া পাওনা আগামী ঈদের আগেই পরিশোধ করা হবে। তিনি খুলনা শিক্ষক সমিতি ফেডারেশন আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন।